...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৩ অক্টোবর ২০২০ খ্রি:, মঙ্গলবার
সভার সময়	সকাল : ১১.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	“ক”

সভাপতি করোনাকালীন সময়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং সাফল্যের সঙ্গে কার্যক্রম সম্পন্ন করার জন্য ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, ২০১৯-২০ অর্থ বছরের ২য় পর্যায়ে আর্থিক সহায়তার জন্য প্রাপ্ত ১১০০ টি আবেদনপত্র এন্ট্রির কাজ সমাপ্ত হয়েছে।	অক্টোবর ২০২০ এর শেষ সপ্তাহে এ সংক্রান্ত সভা আহবান করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

২.	ট্রাস্টের ই-নথি কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। সহকারী প্রোগ্রামার ট্রাস্টের ই-নথি কার্যক্রমের সর্বশেষ রিপোর্ট সভায় পেশ করেন।	আগামী ৩০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে ট্রাস্ট অফিসকে Paper Less অফিস হিসেবে ঘোষণা করা হবে। ট্রাস্টের সকল কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন করতে হবে।	ট্রাস্টের সকল কর্মকর্তা
৩.	ট্রাস্ট অফিসের নিরাপত্তা জোরদারকরণসহ প্রয়োজনীয় অফিস সরঞ্জাম ক্রয়ের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্ট অফিসের নিরাপত্তা জোরদারের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা স্থাপন করা হবে। বিদ্যমান প্রজেক্টর, স্ক্রিন, মাউথ পিস ও ইন্টারনেটের কেবলের বর্তমান অবস্থা যাচাই করে প্রয়োজনীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)/ প্রোগ্রামার
৪.	APA সংক্রান্ত কার্যক্রমের অর্জন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।	প্রতি মাসের সমন্বয় সভা অনুষ্ঠানের পরে APA সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। মাসের করণীয় কার্যক্রমের সূচি প্রণয়ন করতে হবে।	সহকারী পরিচালক (সকল)/ প্রোগ্রামার
৫.	ট্রাস্ট অফিসে প্রেরিত সেবা গ্রহীতাদের বিভিন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়।	অভিযোগ বাক্স খুলে মাসিক সমন্বয় সভায় অভিযোগসমূহ উপস্থাপন করতে হবে। এছাড়া ওয়েবসাইটও পর্যালোচনা করতে হবে।	সহকারী পরিচালক (সকল)
৬.	HSP এর আওতায় ২০২০ সালের ৬ষ্ঠ শ্রেণি এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ডাটা MIS -এ এন্ট্রির বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ না করে কার্যক্রম শুরু করায় সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন।	দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশে বিলম্ব করার বিষয়ে ব্যাখ্যা দিতে হবে।	স্কিম পরিচালক/ উপ-পরিচালক (HSP)
৭.	সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়।	ক) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে। খ) ট্রাস্টের সকল সভা/অনুষ্ঠানে সমাজসেবা অধিদপ্তরের মুক্তা পানি ব্যবহার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৩৩

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
২) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) উপ-পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
৬) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক